
'এবং মহুয়া' -বিশ্ববিদ্যালয় মঞ্জুরী আয়োগ (U.G.C.- CARE List) অনুমোদিত তালিকার অন্তর্ভুক্ত। ভারতীয় ভাষায় পত্রিকা ক্রমিক নং-৯৬, ২০১৯।

# এবং মহুয়া

( বাংলা ভাষা, সাহিত্য ও গবেষণাধর্মী মাসিক পত্রিকা )

২২ তম বর্ষ, ১১৮ সংখ্যা, মার্চ, ২০২০

## বর্ণপরিচয়




সম্পাদক
ডা. মদনমোহন বেরা

কে.কে. প্রকাশন
গোলকুঁয়াচক, মেদিনীপুর, প.বঙ্গ।

'Ebong Mahua'--UGC - CARE Approved listed Journal.

Journal Serial No.-96 (Indian Languages out of 114), Bengali, Faculty of Arts journal Serial No.--32

# EBONG MAHUA

Bengali Language, Literature, Research and Referred with Peer-Review Journal

22th Year, 118 Volume

March, 2020

Published By

K. K. Prakashan

Golekuachawk, P.O.-Midnapur,721101.W.B.

*DTP and Printed By*

K.K.Prakashan

*Cover Designed By*

Kohinoorkanti Bera

*Special Editorial Co-ordinator*

Dr.Narendranath Roy

Amit Kumar Maity

Communication :

Dr. Madanmohan Bera, Editor.

Golekuachawk, P.O.-Midnapur, 721101. W.B.

Mob.-9153177653

Email- madanmohanbera51@gmail.com /

kohinoor bera @ gmail.com

Rs 500

# সূ চী প ত্র

১.জন্মদ্বিশতবর্ষে বিদ্যাসাগর
:: সুজিত দেবনাথ.........................................................৯
২.স্ত্রী শিক্ষা প্রসারে ঈশ্বরচন্দ্র বিদ্যাসাগর
:: সুতীর্থা সরকার.........................................................১৯
৩.বিদ্যাসাগরের 'কথামালা' : বর্তমান প্রাসঙ্গিকতা
:: প্রদীপকুমার পাত্র.........................................................২৬
৪.ঊনবিংশ শতকে ভারতের সমাজ সংস্কার আন্দোলনে
বিদ্যাসাগরের প্রভাব : একটি ঐতিহাসিক অনুসন্ধান
:: মাধবচন্দ্র অধিকারী.........................................................৩৪
৫.নারী শিক্ষার বিকাশে ঈশ্বরচন্দ্র বিদ্যাসাগরের অবদান
:: বহ্নিশিখা রায় প্রধান.........................................................৪৬
৬.বিদ্যাসাগরের আত্মচরিত : জীবনের নানাকথা
:: জয় দাস.........................................................৫০
৭.ঈশ্বরচন্দ্র বিদ্যাসাগরের সংস্কার আন্দোলন ও অন্ত্যজ শ্রেণি :
একটি আলোচনা
:: অসিত কান্তি সরকার.........................................................৫৮
৮.ঈশ্বরচন্দ্র বিদ্যাসাগরের 'বর্ণপরিচয়' এবং বাংলা ভাষা পাঠ
:: গৌতম সরকার.........................................................৬৩
৯.'বর্ণপরিচয়' : সেকাল ও একাল
:: বিপাশা চৌধুরী.........................................................৬৯
১০.বাংলা নাটক ও রঙ্গমঙ্গে ঈশ্বরচন্দ্র বিদ্যাসাগর
ও তাঁর সামাজিক আন্দোলন
:: প্রণব কুমার ভট্টাচার্য.........................................................৭৪
১১.মহাকাব্যের পরাজিত নায়ক বিদ্যাসাগর : একটি অনুসন্ধান
:: বিকি দাস.........................................................৮৬
১২.বাল্যবিবাহ ও তৎকালীন সমাজ : একটি আলোচনা
:: অনিন্দিতা কর্মকার.........................................................৯২
১৩.শিক্ষা, বিজ্ঞান ও সাহিত্যভাবনায় ঈশ্বরচন্দ্র বিদ্যাসাগর
:: রিংকি মহাপাত্র.........................................................৯৭
১৪.ব্রাহ্মনিজম : সমাজ-সাহিত্য ও বিদ্যাসাগর
:: অজয় কুমার দাস.........................................................১০০

২৯.এবং আস্তিক বিদ্যাসাগর
:: তরুণ মুখোপাধ্যায়........................................................২১৮
৩০.বিদ্যাসাগর ও নারী শিক্ষার পদক্ষেপ
:: কাঞ্চন হেমব্রম........................................................২২৪
৩১.বিদ্যাসাগর কি নাস্তিক ছিলেন?
:: ড. সৌগত চট্টোপাধ্যায়........................................................২২৯
৩২.ঈশ্বরচন্দ্র বিদ্যাসাগরের শিক্ষাচিন্তা এবং
বর্তমান সময়ে এর প্রাসঙ্গিকতা
:: ড. হজরত আলি শেখ........................................................২৩৮
৩৩.বিদ্যাসাগরের আখ্যানমঞ্জরী : জীবনে অনুভবে
:: ড. উজ্জ্বল শীল........................................................২৪৩
৩৪.তেজোময়, অদম্য অথচ করুণাসাগর বিদ্যাসাগর
:: ড. সাবলু বর্মণ........................................................২৫০
৩৫.দ্বিশততম জন্মদিবসের প্রাক্কালে বিদ্যাসাগরের চিন্তাচেতনা ও
ভারতীয় সমাজ ও সংস্কৃতিতে তাঁর অবদান
:: ড. ঈপ্সিতা হালদার........................................................২৫৬
৩৬.শিশু শিক্ষায় বিদ্যাসাগর
:: ড. অমিতাভ দত্ত........................................................২৬৫
৩৭.বিদ্যাসাগরের শিক্ষামূলক সংস্করণ
:: ড. শুভশ্রী রায় চৌধুরী........................................................২৭০
৩৮.বিদ্যাসাগরের একটি সামাজিক সংস্কার : বিধবাবিবাহ
:: ড. সমীর প্রসাদ........................................................২৭৮
৩৯.সমাজ সংস্কারক বিদ্যাসাগরের শ্রেষ্ঠ ভাবানুবাদ : 'ভ্রান্তিবিলাস'
:: ড. দেবাশিস সরদার........................................................২৮৬
৪০.বিদ্যাসাগরের সমাজ-সংস্কার ও নারীমুক্তি ভাবনার অচর্চিত ইতিহাস
:: ড. সুপম বিশ্বাস........................................................২৯২
৪১.বিদ্যাসাগর ও স্ত্রীশিক্ষা
:: ড. মৌসুমী চক্রবর্তী........................................................২৯৭
৪২.বাংলা গদ্য ও বিদ্যাসাগর : চর্যা থেকে জলসা
:: ড. স্বর্ণকমল গোস্বামী........................................................৩০০

# ঈশ্বরচন্দ্র বিদ্যাসাগরের শিক্ষাচিন্তা এবং বর্তমান সময়ে এর প্রাসঙ্গিকতা

ড. হজরত আলি শেখ

**সংক্ষিপ্তসার :**

দেশের পুনরুত্থানের জন্য যে সব মনীষী আজীবন পরিশ্রম করেছেন, ঈশ্বরচন্দ্র বিদ্যাসাগর ছিলেন তাদের অন্যতম। সাধারণত, রাজনৈতিক সংস্কারের আগে সামাজিক বা শিক্ষা সংস্কারের প্রয়োজন হয়। ভারতবর্ষের ক্ষেত্রেও সামাজিক, সংস্কৃতিক ও শিক্ষা সংস্কারের প্রচেষ্টায় অগ্রনী ভূমিকা পালন করেছিলেন বিদ্যাসাগর। শিক্ষা, সমাজ ও ভাষা ও সাহিত্য, সর্বক্ষেত্রেই বিদ্যাসাগর ছিলেন সংস্কারক। তিনি সারাজীবন ভারতবর্ষের সমাজ ও শিক্ষার উন্নতির জন্য সংগ্রাম ও আত্মত্যাগ করে গেছেন। বর্তমান প্রতিবেদনের উদ্দেশ্য হলো, বিদ্যাসাগর শিক্ষা ও সামাজিক ক্ষেত্রে যে সমস্ত সংস্কার করেছেন তা পর্যালোচনা করা এবং বর্তমানে এর প্রাসঙ্গিকতা ও তাৎপর্য নির্ণয় করা।

পানিক্করের মতে, রাজা রামমোহন রায় ভারতবর্ষের প্রথম আধুনিক মানুষ। বিদ্যাসাগর ছিলে তাঁর উপযুক্ত উত্তরাধিকারী। গোঁড়া পরিবারে জন্মগ্রহণ এবং সনাতন ধারায় শিক্ষালাভ করলেও তিনি গতানুগতিকার উর্দ্ধে উঠে কু-সংস্কার মুক্তি ও প্রগতির কাজে অগ্রনী হয়েছিলেন। সনাতন শিক্ষার ঐতিহ্যে লালিত হয়েও তিনি পাশ্চাত্য শিক্ষার দ্বার রুদ্ধ করেননি। শিক্ষা পরিকল্পনার সময় তিনি প্রাচ্যের শিক্ষার সাথে পাশ্চাত্যের শিক্ষার সমন্বয় সাধনের চেষ্টা করেছিলেন। তিনি বিশ্বাস করতেন জনগণের মধ্যে শিক্ষা ও সংস্কৃতির প্রসার তথা চেতনার উন্মেষ না ঘটলে সমাজ উন্নত হবে না।

**বিদ্যাসাগরের শিক্ষাচিন্তার স্বরূপ :**

১. সর্বপ্রথম, প্রাচ্যশিক্ষা ও দর্শনের সাথে পাশ্চাত্য জ্ঞান-বিজ্ঞানের সমন্বয়সাধন।
২. তিনি ছিলেন জনশিক্ষার প্রবর্তক। শিক্ষা-সংস্কৃতির মধ্যে দিয়এ জনগণের চেতনার উন্মেষ সাধন ও সামাজিক অগ্রগতিকে সুনিশ্চিত করা।
৩. জাতিভেদের সংকীর্ণতা দূর করে শিক্ষাক্ষেত্রে সকলের সমসুযোগকে প্রতিষ্ঠিত করা। সংস্কৃত কলেজের কর্তৃত্ব পেয়ে প্রথমেই তিনি জাতিভেদের বিধি-নিষেধ তুলে দিয়েছিলেন।
৪. শিক্ষার্থীদের দৈহিক শাস্তিদানের বিরোধী ছিলেন।
৫. মাতৃভাষাকে শিক্ষার মাধ্যম করতে চেয়েছিলেন। মাতৃভাষার মাধ্যমে সহজে সংস্কৃত